**কবিতা/গল্প প্রকাশ**
সংবাদপত্রের সাহিত্য পৃষ্ঠায় "কবিতা/গল্প" প্রকাশিত করতে যোগাযোগ নং- ৯০৬২৮৬৭৯২১


হাওড়া থেকে প্রকাশিত বাংলা দৈনিক

# এই যুগ
EI YUG

"ওঠো, জাগো, লক্ষ্যে না পৌঁছানো পর্যন্ত থামো না" - স্বামী বিবেকানন্দ



ইন্টারনেট সংস্করণ : eiyug.in [PRICE। মূল্য-2 টাকা]

HOWRAH । হাওড়া DAILY।দৈনিক RNI:WBBEN/2020/81746 12 JULY 2025, SATURDAY । ১২ জুলাই ২০২৫, শনিবার VOLUME । বর্ষ-5 ISSUE । সংখ্যা-330 PAGE । পৃষ্ঠা-4

## 'লাইট অ্যান্ড সাউন্ড শো' হাওড়া ব্রিজে



এই যুগ, কলকাতা,১১ জুলাই: ঐতিহ্যবাহী হাওড়া ব্রিজ তথা রবীন্দ্র সেতুতে এ বার থেকে 'লাইট অ্যান্ড সাউন্ড শো'–এর সংখ্যা আরও বাড়ানো হচ্ছে। দর্শকরা যাতে তার খুঁটিনাটি সব আপডেটে সহজেই জানতে পারে, তার জন্য একটি নতুন 'মোবাইল অ্যাপ'-ও চালু করল কলকাতা বন্দর কর্তৃপক্ষ। বাংলা ও ইংরেজি নববর্ষ, দুর্গাপুজো-সহ বছরে অন্তত ৫০ দিন হাওড়া ব্রিজে "লাইট অ্যান্ড সাউন্ড শো" হবে। বিষয়বস্তু হিসেবে তুলে ধরা হবে- রবীন্দ্র সেতুর ইতিহাস, স্বাধীনতা দিবস, দুর্গাপুজো, বাংলা নববর্ষ, জাতীয় দিবস।নির্দিষ্ট দিনগুলিতে সন্ধ্যা ৫টা থেকে রাত ১০টা পর্যন্ত এই বিশেষ "লাইট অ্যান্ড সাউন্ড শো" চলবে। তার সময়সূচি এবং বিষয়বস্তু যাতে মানুষ সহজেই জানতে পারেন, তার জন্যই নতুন একটি মোবাইল অ্যাপ চালু করা হচ্ছে। কলকাতা বন্দর কর্তৃপক্ষের দাবি, এর ফলে হাওড়া ব্রিজের "লাইট অ্যান্ড সাউন্ড" শোয়ের জনপ্রিয়তা আরও বাড়বে। এছাড়াও দেশ-বিদেশের পর্যটকদের কাছে কলকাতা শহরের আকর্ষণ আরও বৃদ্ধি পাবে বলে মনে করছে বন্দর কর্তৃপক্ষ।

## বিধানসভার স্বাস্থ্য বিষয়ক স্ট্যান্ডিং কমিটির বিশেষ বৈঠক আলিপুরদুয়ারে



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ১১ জুলাই: রাজ্য বিধানসভার স্বাস্থ্য বিষয়ক স্ট্যান্ডিং কমিটির বিশেষ বৈঠক অনুষ্ঠিত হলো আলিপুরদুয়ার সার্কিট হাউজে। শুক্রবার আয়োজিত এই বৈঠকে উপস্থিত ছিলেন স্বাস্থ্য বিষয়ক স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান ডাঃ নির্মল মাজি, স্ট্যান্ডিং কমিটির সদস্য গন, আলিপুরদুয়ার এর বিধায়ক সুমন কাঞ্জিলাল, আলিপুরদুয়ার এর জেলাশাসক আর বিমলা, আলিপুরদুয়ার জেলা হাসপাতালের সুপার পরিতোষ মন্ডল ও জেলার অন্যান্য স্বাস্থ্য আধিকারিকগন। জানা গেছে বুধবার থেকে স্ট্যান্ডিং কমিটির প্রতিনিধিরা জেলার বিভিন্ন হাসপাতাল সহ আলিপুরদুয়ার জেলা হাসুয়াতাল পরিদর্শন করেন। চেয়ারম্যান ডাঃ নির্মল মাজি জানান সাড়ে তিন বছর আগে তিনি আলিপুরদুয়ার জেলা ঘুরে গেছেন। সাড়ে তিন বছর বাদে জেলার হাসপাতালগুলি পরিদর্শন করে স্বাস্থ্য পরিষেবার উন্নতি দেখে তিনি সন্তোষ প্রকাশ করেন। এদিনের বৈঠকে জেলার বিভিন্ন হাসপাতালগুলির পরিকাঠামো বিষয়ে আলোচনা হয়। হাসপাতালগুলির কিছু সমস্যা যেগুলি স্ট্যান্ডিং কমিটির সদস্যদের নজরে এসেছে সেগুলি সমাধানের জন্য আলোচনা হয় ও সারতবিক একটি রিপোর্ট স্বাস্থ্য মন্ত্রীকে পাঠানোর সিদ্ধান্ত গ্রহন করা হয়।

## শিলিগুড়িতে খাদ্য সুরক্ষা দপ্তরের অভিযান



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ১১ জুলাই: শিলিগুড়ির এস এফ রোডে ও লাগোয়া এলাকায় বিভিন্ন হোটেল, রেস্টুরেন্ট, খাবারের দোকান, ফাস্ট ফুডের দোকান সহ মিষ্টির দোকানে অভিযান চালায় খাদ্য সুরক্ষা দপ্তরের আধিকারিক ও কর্মীরা। জানা গেছে এদিন এসব দোকানে অভিযান চালিয়ে খাবারের মান যাচাই করা হয়। খাদ্য সুরক্ষা দপ্তরের অভিযান চালানো দলের পক্ষ থেকে জানা গেছে অভিযানে খাবারের দোকানগুলিতে প্রচুর বেনিয়ম ধরা পড়েছে। পাওয়া গেছে বাসী ও পচা খাবার। অনেক দোকানে রান্নায় ব্যবহার করা হচ্ছে নিষিদ্ধ ডালডা ও প্লাস্টিক জাত উপাদান, ক্ষতিকারক রঙ। আবার অনেক দোকানে বানিজ্যিক গ্যাস সিলিন্ডার ব্যবহার না করে ঘরোয়া গ্যাস সিলিন্ডার ব্যবহার করা হচ্ছে। খাদ্য সুরক্ষা আধিকারিক জানান যেসব দোকানে বেনিয়ম পাওয়া গেছে সেসব দোকান মালিককে সাবধান করে দেওয়া হয়েছে যাতে এধরনের বেনিয়ম তারা না করেন। পরবর্তীতে বেনিয়ম পাওয়া গেলে কঠোর আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে বলেও তাদের হুশিয়ারি দেওয়া হয়েছে। খাদ্য সুরক্ষা দপ্তরের এই উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন এলাকাবাসী।

## পুননির্মিত পুলিশ আবাসন ভবনের উদ্বোধন করলেন পুলিশ সুপার



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার, ১১ জুলাই: শুক্রবার কোচবিহার জেলা পুলিশ লাইনে একটি পুনর্নির্মিত পুলিশ আবাসন ভবনের উদ্বোধন করলেন পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য। জানা গেছে ভবনটি দীর্ঘদিন ধরে বেহাল অবস্থায় ছিলো। এই ভবনটি ব্যবহারের অনুপযুক্ত হয়ে উঠেছিলো। পুলিশ সুপার উদ্যোগী হয়ে ভবনটির পুনর্নির্মাণ করিয়ে ব্যবহারের উপযোগী করে তোলেন। শুক্রবার এটির আনুষ্ঠানিক উদ্বোধন করে পুলিশ কর্মীদের উদ্দেশ্যে উৎসর্গ করেন। উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার কৃষ্ণগোপাল মীনা সহ অন্যান্য পুলিশ আধিকারিকগন। জেলা পুলিশ সুপারের এই উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন এলাকাবাসী।

# জেলার কথা

## আলিপুরদুয়ার জেলা পুলিশের রদবদল , প্রকাশিত হল তালিকা




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ জুলাই : আলিপুরদুয়ার জেলা পুলিশের রদবদল হয়েছে এমনটাই জানা গেছে প্রশাসনিক স্তর থেকে শুক্রবার রাত ন'টা নাগাদ। শামুকতলা থানার অধীন শামুকতলা রোড ফাঁড়ির ওসি দেবাশীষ দেব বদলি হয়ে সোনাপুর পুলিশ ফাঁড়ির ওসির দায়িত্বে যাচ্ছেন। অন্যদিকে শামুকতলা রোড পুলিশ ফাঁড়িতে ওসি হিসেবে দায়িত্ব গ্রহণ করবেন শামুকতলা থানার সাব ইন্সপেক্টর সঞ্জীব মোদক। প্রশাসনিক সূত্রে আরও জানা গেছে সাব ইন্সপেক্টর দীপঙ্কর গোস্বামী , সন্দীপন মিত্র , সুকান্ত বর্মন , অমিত শর্মা , গৌরব হাঁসদা , কৌশিক মোহন দাস সহ এ এস আই জিতেন্দ্র মন্ডল এবং অনুপ কুমার রাভা তাদের বর্তমান কর্মস্থল থেকে অন্য কর্মস্থলে গিয়ে যোগদান করার সরকারি নির্দেশে বের হয়েছে।

# ছাত্র ভর্তিকে কেন্দ্র করে মেদিনীপুর কলেজে SFI-TMCP-র বচসা



এই যুগ , পশ্চিম মেদিনীপুর ,১১ জুলাই : শুক্রবার মেদিনীপুর কলেজে ছাত্র ভর্তিকে কেন্দ্র করে SFI ও TMCP-র মধ্যে তুমুল বচসা বাঁধল। SFI-এর কর্মীকে মারধর করার অভিযোগ উঠেছে তৃণমূল ছাত্র পরিষদের বিরুদ্ধে। যদিও এই অভিযোগ মিথ্যা বলে অস্বীকার করেছে তৃণমূল ছাত্র পরিষদ। তৃণমূল ছাত্র পরিষদ জানিয়েছে , তাদের উপরই হামলা করতে যায় বাম ছাত্র সংগঠন SFI। এই ঘটনা ঘিরে শুক্রবার দুপুরে প্রবল উত্তেজনা ছড়ায় মেদিনীপুর কলেজ চত্বরে।কলেজে নতুন ছাত্রছাত্রীদের ভর্তিতে সুবিধার জন্য কলেজের সামনেই অস্থায়ী ক্যাম্প খুলেছে তৃণমূল ছাত্র পরিষদ এবং বাম ছাত্র সংগঠন SFI। চলছে ডকুমেন্ট ভেরিফিকেশনের কাজ। তার মধ্যেই ভর্তিকে কেন্দ্র করে বচসা হয় দুই ছাত্র সংগঠনের মধ্যে।

# কাগজের নৌকা

**১২ জুলাই ২০২৫ , শনিবার**

## ইচ্ছা

আশীষ কুমার কুন্ডু
( ব্যারাকপুর ,পশ্চিমবঙ্গ )

জীবন যে বড় কঠিন , বড্ড-জ্বালায় যে জ্বলে ,
ইচ্ছা-গুলো যে তীব্র জ্বালায় ,
পাতাল- তলে ও হুল ফুটায় ,
মনটা যে আজ আগ বাড়িয়ে ,
ব্যথা গুলোকে বড্ড জাগায় ,
না পাওয়ার খাতায় এসে ,
লাটা-গুড়িতে সুতো গোটায়।
বেড়েই চলেছে কখন যে ঘুন ,
ধরেছে শুকনা হৃদয়ের পাতায় ,
মন চাইলেই যায় না পাওয়া ,
জীবনের সমস্ত এগিয়ে যাওয়ার ,
পথ যে বড়ই ভয়ঙ্কর ,
চাঙ্গড় খসে পড়া সব ভাবনার ই দেওয়াল ,
দুর্বল যে ভিত সৃষ্টির সাধন ,
ধ্বংস সাধন ব্যর্থ হয় যে জিৎ।
জীবনের এইখানে প্রশ্নগুলোর উত্তর নেই জানা ,
জীবন যে বড় কঠিন ,
মগজে তাই তো দেয় হানা।
তীব্র গামী জীবন ইঞ্জিন , সময় করে না ছোটে ,
ট্রেন সময় ইঞ্জিন ছুটে ,
আনন্দ নুড়ি হাতরে বেড়ায় ,
যতটুকু কপালে জোটে।।

# জাতীয় সড়ক থেকে ডলোমাইট বোঝাই ট্রাক আটক



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ জুলাই : ৩১ নম্বর জাতীয় সড়ক থেকে একটি ডলোমাইট বোঝাই ট্রাক আটক করেছে মোটর ভেহিকেলস দপ্তরের আধিকারিক এমনটাই জানিয়েছেন শামুকতলা রোড পুলিশ শুক্রবার রাত নটা নাগাদ। পুলিশ সূত্রে জানা গেছে বৈধ কাগজপত্র ছাড়াই গাড়ি টিতে ডলোমাইট বোঝাই করে নিয়ে যাচ্ছিলেন চালক। মোটর ভেহিকেলস দপ্তরের আধিকারিক গাড়িটিকে আটক করে পুলিশ হেফাজতে রেখেছেন জানিয়েছে পুলিশ।

# আইসিডিএস কর্মীদের ডেপুটেশন মোবাইল কেনা নিয়ে




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ জুলাই : অঙ্গনওয়াড়ি কর্মীদের কাজের জন্য কেন্দ্র সরকার মোবাইল ক্রয় করার টাকা দিয়েছে কিন্ত রাজ্য সরকার সেটা দিচ্ছেনা। সেই মোবাইল ক্রয় করার টাকা দ্রুত প্রদান করার দাবি সহ একাধিক দাবিতে শুক্রবার সিডিপিওর কাছে ডেপুটেশন প্রদান করল অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকারা। এদিন হ্যামিলটনগঞ্জ এলাকায় মিছিল করে অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকারা সিডিপিও অফিসে এসে বিক্ষোভ প্রদর্শন করে ও ডেপুটেশন প্রদান করেন। অঙ্গনওয়াড়ি কর্মীরা জানান মোবাইলে সব অনলাইন কাজ করতে হচ্ছে কিন্ত নেট রিচার্জ করার টাকা ঠিকমত প্রদান করা হচ্ছেনা। এমনকি মোবাইল ক্রয় করার টাকা দেওয়া হচ্ছেনা।

# পাটকা পাড়ায় গুলি কান্ড নিয়ে গ্রেপ্তার দুজন



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ জুলাই : কেন্দ্রীয় ফেডারেশনের ডাকা গত ৯ জুলাই সাধারণ ধর্মঘটের দিন আলিপুরদুয়ারের পাটকাপাড়া চা বাগানে গন্ডগোলের সময় গুলি চালানোর অভিযোগে তপসিখাতা গ্রাম পঞ্চায়েতের শাসক দলের প্রধান শেফালী বর্মন রায়ের স্বামী রঞ্জিত রায়কে গ্রেপ্তার করেছে পুলিশ। সঙ্গে রঞ্জিতের বিরোধী শিবিরের আলিপুরদুয়ার জেলা পরিষদের কর্মাধক্ষ্য লক্ষ্মীকান্ত রাভার নাতি ঘনশ্যাম রাভাকেও গ্রেপ্তার করেছে পুলিশ। শুক্রবার ধৃতদের বিরুদ্ধে ভারতীয় ন্যায় সংহিতার ১১৫ ,১১৭ , ১০৯ , ৩৪(১),(৩) ও অস্ত্র আইনের ২৫ ও ২৭ ধারায় মামলা রুজু করে দু'জনকে আলিপুরদুয়ার জেলা আদালতে পেশ করে ১৪ দিনের রিমান্ডের আবেদন জানায় পুলিশ। ওই আবেদনের ভিত্তিতে বিচারক ১০ দিনের পুলিশ হেফাজত মঞ্জুর করেছেন। ঘটনায় ব্যবহৃত ওই অবৈধ আগ্নেয়াস্ত্রটিও উদ্ধারে চেষ্টা করেছে আলিপুরদুয়ার থানার পুলিশ। লক্ষ্মীকান্ত রাভা বলেন , “বুধবার বন্ধের বিরোধিতায় নেমে পাটাকাপাড়া চা-বাগান স্বাভাবিক কাজ চালানোর চেষ্টা করছিলাম। এমন সময়ই আমার উপর চড়াও হয় রঞ্জিত রায় এবং তার দলবলের লোকজন। আমার দুই নাতিকে বিনা প্ররোচনায় মারধর করে এবং দুই রাউন্ড গুলি চালিয়ে হত্যার পরিকল্পনা করেছিল রঞ্জিত রায়। অথচ আমার এক নাতিকে পুলিশ উল্টে গ্রেপ্তার করলো। এটা সুবিচার নয়।” তবে প্রধানের স্বামী রঞ্জিত রায় গ্রেপ্তার হওয়ার পর তপসিখাতা গ্রাম পঞ্চায়েতের প্রধান শেফালী বর্মন রায় বলেন 'আমার স্বামীকে ইচ্ছাকৃত ভাবে ফাঁসানো হয়েছে। তিনি গুলি চালানোর সঙ্গে কোনোভাবেই জড়িত নন।' এইভাবে শহীদ দিবশের প্রাক্কালে এলাকার প্রবীন এবং নবীন দুই নেতার গোষ্ঠী কোন্দলে ২ জন গ্রেপ্তার হওয়ায় প্রবল অস্বস্তি তৈরি হয়েছে তৃণমূল কংগ্রেসের অন্দরে।দলীয় জেলা সভাপতি তথা তৃণমূলের রাজ্যসভার সাংসদ প্রকাশ চিকবড়াইক বলেন 'আইন আইনের পথে চলবে। কেউ আইন ভাঙার চেষ্টা করলে দল তাঁদের পাশে থাকবে না।' জেলার পুলিশ সুপার ওয়াই রঘুবংশী বলেন , “আমরা নিরপেক্ষ তদন্ত করে দুই অভিযুক্তকে গ্রেপ্তার করে আদালতে পেশ করার পর রিমান্ডে নিয়েছি। এখন আমাদের মূল লক্ষ্য ওই অবৈধ আগ্নেয়াস্ত্রটি উদ্ধার করা।”

# শিক্ষিকা নির্যাতনের অভিযোগে বিভাগীয় তদন্ত শুরু



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ জুলাই :আলিপুরদুয়ার জেলা প্রশাসনের কাছে শিক্ষিকা নির্যাতিত হওয়ার অভিযোগ জমা হওয়ার পরেই নড়েচড়ে বসলেন প্রশাসনিক কর্তারা। বিভাগীয় তদন্ত শুরু হয়েছে শিক্ষিকার অভিযোগের পরিপ্রেক্ষিতে এমনটাই জানিয়েছেন কামাখ্যাগুড়ি মিশন হাই স্কুলের শিক্ষিকা মনোরমা নার্জিনারী শুক্রবার রাতে। গত তিনদিন আগে আলিপুরদুয়ার জেলা বিদ্যালয় পরিদর্শকের কাছে তাকে নির্যাতিত করা হচ্ছে স্কুল প্রাঙ্গনে এমনটাই অভিযোগ দায়ের করেছিলেন। নির্যাতিত করছেন ওই স্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মুস্তাক আহমেদ লিপক দেবনাথ এবং সঞ্চয়িতা নাগ। দীর্ঘদিন যাবত তাকে মানসিক ভাবে নির্যাতনের পাশাপাশি অপমান সূচক কথাবার্তা বলছেন তার তিন সহকর্মী এমনটাই অভিযোগ দায়ের করেছিলেন তিনি জেলা বিদ্যালয় পরিদর্শকের কাছে। শুক্রবার কামাখ্যাগুড়ি মিশন হাই স্কুলে অভিযোগের পরিপ্রেক্ষিতে তদন্ত করতে যান জেলা বিদ্যালয় পরিদর্শকের পক্ষ থেকে দুজনের দল। এমনটাই জানিয়েছেন শিক্ষিকা মনোরমা নার্জিনারী। তবে শেষ পর্যন্ত তদন্তের পর প্রশাসনিক কর্তারা কি ব্যবস্থা নেন ওই তিন শিক্ষকের বিরুদ্ধে তার অপেক্ষায় রয়েছেন তিনি।

# গণ অভিযোগের পরেও অটোমেটিক সিগন্যাল ব্যবস্থা চালু হয়নি




মলয় দেবনাথ ,এই যুগ , আলিপুরদুয়ার , ১১ জুলাই : ৩১ নং জাতীয় সড়কের শামুকতলা রোডে অটোমেটিক ট্রাফিক সিগন্যাল ব্যবস্থা নিয়ে জোর আন্দোলন শুরু হয়েছে। এমনটাই জানা গেছে ওই এলাকার বাসিন্দাদের সঙ্গে কথা বলে শুক্রবার রাতে । ওই এলাকার পঞ্চায়েত সমিতির সদস্যা পূজা বর্মন রায় দীর্ঘদিন ধরে শামুকতলা রোডে ট্রাফিক সিগন্যাল ব্যবস্থা চালু করার দাবিতে বিভিন্ন প্রশাসনিক দপ্তরে লিখিত ভাবে জানিয়ে ছিলেন। গণ স্বাক্ষরিত অভিযোগ পত্র জমা হওয়ার পরেও কেটে গেছে প্রায় দু বছর। এখনো পর্যন্ত শামুকতলা রোড এলাকায় অটোমেটিক ট্রাফিক সিগন্যাল ব্যবস্থা চালু হয়নি। শামুকতলা রোড পুলিশ ফাঁড়ির সামনে অটোমেটিক ট্রাফিক ব্যবস্থা চালু না হওয়ায় ক্ষোভ বাড়ছে এলাকার বাসিন্দাদের মধ্যেও। ব্যস্ততম চৌপথীতে মাঝেমধ্যেই করছে দুর্ঘটনা। তাছাড়া ২৪ ঘন্টা ওই এলাকায় ট্রাফিক পুলিশ কিংবা হোম গার্ডকে দেখা যায় না। এলাকার বাসিন্দা সৌমেন রায় বিকাশ দেবনাথ সুমন কর জানিয়েছেন গণ স্বাক্ষরিত অভিযোগ জমা দেওয়া হয়েছে প্রশাসনের বিভিন্ন স্তরে। কিন্তু দু'বছর হলেও এখনো সেখানে অটোমেটিক ট্রাফিক সিগন্যাল ব্যবস্থা চালু হয়নি।

# টুরিস্ট গাইড প্রশিক্ষণ শিবির শুরু আলিপুরদুয়ারে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার , ১১ জুলাই : আলিপুরদুয়ারে জেলা এই প্রথম পর্যটন ভিত্তিক স্বনির্ভরতার লক্ষ্য নিয়ে কাজ শুরু করলো 'উৎকর্ষ বাংলা'। শুক্রবার আলিপুরদুয়ার মিউনিসিপ্যাল হলে ওই প্রকল্পের সুচনা করা হয়। রাজ্য সরকারের এই উদ্যোগে আবেদনের ভিত্তিতে প্রথম ধাপে জেলার মোট ৬০ জন উৎসাহী যুবক-যুবতীদের ট্যুরিস্ট গাইড প্রশিক্ষণ দেওয়ার কাজ শুরু করলো উৎকর্ষ বাংলা। এদিন প্রথম ধাপের প্রশিক্ষণ পর্বে মোট ১২০ জনকে যুক্ত করার লক্ষ্য মাত্রা গ্রহণ করা হয়েছে। হাতে-কলমে ওই প্রশিক্ষণ দেবে একটি বেসরকারি সংস্থা। প্রেক্টিকালের পাশাপাশি থেওরি তে রীতিমতো জিপিএস ট্যাগিংয়ের মাধ্যমে প্রশিক্ষন দেওয়া হবে। আগামী দিনে স্বনির্ভরতার লক্ষ্য নিয়ে প্রশিক্ষণ শেষে প্লেসমেন্টেরও ব্যবস্থা করে দেবে উৎকর্ষ বাংলা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আলিপুরদুয়ারের বিধায়ক সুমন কাঞ্জিলাল , পুরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ করসহ উৎকর্ষ বাংলার আধিকারিকরা। প্রকল্পের জেলা নোডাল অফিসার বিজয় মোক্তান বলেন 'বিকল্প পদ্ধতিতে বেকারদের রোজগারের দিশা দেখাতেই গাইড প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয়েছে। আমরা আশাবাদী যে আগামীতে আরও উৎসাহীরা ওই প্রশিক্ষণ পর্ব শেষ করে রোজগারের পথ খুঁজে পাবে।'




EI YUG । EDITOR - SUROJIT MALICK । OWNER - SUROJIT MALICK । PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , PIN-711403 ,STATE-WEST BENGAL । PRINTED BY SUROJIT MALICK AT " EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , STATE-WEST BENGAL ,PIN-711403 । CONTACT NO- 9062867921 ,9836753661 EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM । RNI : WBBEN/2020/81746 ।